

নুসরাত সুলতানা'র চারটি কবিতা

প্রশ্ন বারো মাসে

অরুণ যখন কাছে আসে ঘন ঘন শ্বাসে,
ভেজা চোখে কদম যখন পাতা তুলে হাসে,
নীলে যখন ঐঁকে ছবি সাদা মেঘে ভাসে,
প্রশ্ন আসে; ষড়মাসে, কেও কি ভালবাসে?

কুলোয় যখন ধানে-চালে নাচে পাশে পাশে,
ভেজা ভোরের ঘাসে যখন থাকে ছোঁয়ার আশে,
কোয়েল যখন বাজায় সাঁনাই লাল-হলুদের মাসে,
প্রশ্ন আসে; বারো মাসে, কেও কি ভালবাসে?

আমি এবং আমি

কাঁদছো কেন? এমন করে !
কাঁদছিনা তো বলছি কথা বন্দিনীটার; আমার ঘরে।

ভাবছো কেন? ক্লান্ত ভারে!
ভাবছিনা তো দেখছি ছবি; দেখাগুলোই বারে বারে।

লিখছো কেন? খাতা ভরে !
লিখছিনা তো তুলছি পাতায় কষ্টগুলো; খোদাই করে।

ধুকছো কেন? বৈদ্য ধারে!
ধুকছিনা তো বুঝছি ও মন, খুঁজছি আলো অন্ধকারে।

আঁকছো কেন? হাল্কা করে!
আঁকছিনা তো মুছছি জোড়ে। দেখছো তারে তারও পরে?

চোর

চোর এসে নিয়ে গেল সব চুরি করে!
রাতে কিছু বুঝিনি; বুঝেছি এ ভোরে।
ছিল প্রাণবন্ধু সে, ছিল খুব কাছে,
জেনে নিয়েছিল ঘরে কোথায় কী আছে।
সুযোগের সন্ধানে প্রতিদিনই ছিল,
নিচ্ছিল টুকটাকি যখনই যা পেল।
হয়ে গেল ঘর খালি পাইনি তো টের,
যে রাতে সে নিয়ে গেল বাকিটুকু চেড়া।
বুঝলাম উঠে শুধু হোল যবে ভোর-
বন্ধু যে ছিল সেজে; ছিল সে যে চোর !

তুমিহীন এক দিন

ভাবতে পারি আমি
ভাষা গতিহীন,
আশা জ্যোতিহীন,
লতা নতিহীন,
সীতা সতীহীন,
ধরা ভরহীন,
খরা জ্বরহীন,
বীর বরহীন,
তীর তুরহীণ,
চেউহীন সিন,
সিনহীন শীন,
বাণীহীন দ্বীন,
দানিহীন দীন,
চীনাহীন চীন,
কোণাহীন পিন,
সুদহীন ঋণ,
চার এর পরে তিন।

ভাবতে পারিনা শুধু তুমিহীন এক দিন।